## গাছ্ আমাদের বন্ধু

আমাদেডর চারপাশে অনেক গাছ আছে। গাছ আমাদের অক্সিজেন দেয়, যা আমরা শ্বাস নিতে ব্যবহার করি। গাছ ছাড়া আমরা বাঁচতে পারি না।

রিয়া নামের একটি মেয়ে তার স্কুলের মাঠে একটি আমগাছ লাগিয়েছিল। প্রতিদিন স্কুলে যাওয়ার আগে সে গাছটিতে জল দিত। কয়েক মাস পরে গাছটি বড় হতে শুরু করল এবং তাতে নতুন নতুন পাতা এল। রিয়ার বন্ধুরাও তাকে দেখে খুশি হয়ে নিজেদের বাড়িতে গাছ লাগাল।

গাছ শুধু অক্সিজেন দেয় না, পাখিদের বাসা তৈরি করতেও সাহায্য করে। গরমের দিনে গাছের ছায়া আমাদের আরাম দেয়। তাই আমাদের উচিত বেশি করে গাছ লাগানো এবং তাদের যত্ন নেওয়া। একটি ছোট্ট গাছও অনেক উপকার করতে পারে।

*নিচের প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে নাও।*

**১. গাছ আমাদের কী দেয়, যা আমরা শ্বাস নিতে ব্যবহার করি?**
জল / অক্সিজেন/ মাটি / বাতাস

**২. রিয়া প্রতিদিন স্কুলে যাওয়ার আগে গাছটির কী করত?**
জল দিত/ সার দিত/ কথা বলত/গান শোনাত।

**৩. তোমার বাড়িতে যদি একটা ছোট্ট গাছ থাকে, তুমি তার যত্ন কীভাবে নেবে?**
রোজ জল দেব/ গাছ কেটে ফেলব/ রোদে না রেখে অন্ধকারে রাখব/ কিছুই করব না।

**৪. রিয়ার বন্ধুরা কেন নিজেদের বাড়িতে গাছ লাগাল বলে তোমার মনে হয়?**
শিক্ষকের বকা খেয়ে/ রিয়াকে দেখে অনুপ্রাণিত হয়ে/কেউ জোর করেছিল বলে/পুরস্কার পাওয়ার জন্য।

**৫. গরমের দিনে গাছ আমাদের কী উপকার করে?**
বৃষ্টি আনে/ বরফ দেয়/ ছায়া দেয়/ ঠান্ডা জল দেয়।

**৬. যদি পৃথিবীতে একটাও গাছ না থাকত, তাহলে কী হতো বলে তুমি মনে করো?**
সব ঠিক থাকত/আমরা ঠিকমতো শ্বাস নিতে পারতাম না/ বেশি বৃষ্টি হতো/পাখিরা বেশি থাকত।

**৭ .মন্তব্য:** গাছ আমাদের অক্সিজেন দেয়।

**কারণ :** অক্সিজেন ছাড়া আমরা শ্বাস নিতে পারি না।

মন্তব্য ভুল কারণ ঠিক/মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/মন্তব্য ও কারণ উভয়ই ভুল/মন্তব্য ঠিক কারণ ভুল।

**৮. মন্তব্য:** রিয়া স্কুলের মাঠে একটা আমগাছ লাগিয়েছিল।

**কারণ :** গাছের ছায়া গরমের দিনে আরাম দেয়।

মন্তব্য কারণ উভয় ভুল/মন্তব্য ঠিক কারণ ভুল/মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/মন্তব্য ভুল কারণ ঠিক।